দৈনিক ইত্তেফাক

# রাজশাহী বিশ্ববিদ্যালয় ২২ দিনের জন্য খালি রাখার নির্দেশ

**রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ও রাজশাহী অফিস** ॥ গত শুক্রবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও স্থানীয় মেহেরচন্ডী এলাকাবাসীর সহিত সংঘর্ষে


**প্লাস্টিক দরজার মূল্যহ্রাস**

যখনই ডেলিভারী নেন না কেন মেলায় অর্ডার দিয়ে আকর্ষণীয় উপহারসহ স্বর্ণ সুযোগ গ্রহণ করুন মেলার মাঝামাঝি দক্ষিণ পার্শ্বে ১৭৩ নং স্টল

**সুপার ডোর**

ফোনঃ ৮৯১৪২৮৮, ৮৯১৬০৬৭, ৮৯১৫৯৯০, ৮৯১৪৪১৮
শোরুমঃ ৯৫৫৭৫৮৬, ৯১২৮৯৬৯, ৭২৮১৫৬৯


পুলিশ, সাংবাদিকসহ পাঁচ শতাধিক ছাত্রের [illegible] ঘটনায় গতকাল শনিবার

## রাজশাহী বিশ্ববিদ্যালয় ২২ দিনের জন্য

(প্রথম পৃষ্ঠার পর)

ক্যাম্পাস জনশূন্য হইয়া গিয়াছে। ছাত্র-ছাত্রীরা গতকাল ভোর হইতে ক্যাম্পাস ত্যাগ করিতে শুরু করে এবং দুপুর ১টার মধ্যে ক্যাম্পাস ছাত্র-ছাত্রী শূন্য হইয়া পড়ে। গত শুক্রবার রাত সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের জরুরী সিন্ডিকেট সভায় আগামী ১০ই মার্চ পর্যন্ত ২২ দিনের জন্য ক্যাম্পাসে অটো ভ্যাকান্ট এবং গতকাল বিকাল ৪ টার মধ্যে ছাত্র-ছাত্রীদের আবাসিক হল ছাড়ার নির্দেশ দেওয়া হয়। বিশ্ববিদ্যালয়ের বর্তমান পরিস্থিতি স্বাভাবিক হইলে আগামী ১১ই মার্চ হইতে পুনরায় বিশ্ববিদ্যালয় খুলিবে।

### তদন্ত কমিটি গঠন

**রাজশাহী হইতে বাসস** ॥ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শুক্রবারের ঘটনা তদন্তে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অধ্যাপক মোখলেসুর রহমানের নেতৃত্বে ৬ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করিয়াছে। এই তদন্ত কমিটি ঐ দিনের সংঘর্ষ এবং ঐ সংঘর্ষের কারণে সম্পদের ক্ষয়-ক্ষতির বিষয়টি পর্যালোচনা করিবে। গত শুক্রবার রাত্রে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।